

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ০৯/০৮/২০২১ খ্রি. বিকাল ০৩.০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
বেকার যুব নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াজাতকরণ (আচার তৈরি) বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, প্রাকৃতিক অপরূপ সৌন্দর্যে ভরপুর পর্যটন খ্যাত উখিয়া উপজেলা পর্যটকদের পদচারণায় সারা বছর মুখরিত থাকে। আর বেশির ভাগ ভ্রমণপিপাসু পর্যটকদের পছন্দের তালিকায় থাকে হরেক রকম আচার। কিন্তু এখানে এ ধরনের পণ্য বাইরের উপজেলা/জেলা/বিদেশ থেকে আমদানিকৃত, যা বিক্রেতারা স্থানীয়ভাবে উৎপাদিত/তৈরিকৃত বলে চালিয়ে দেয়। ব্যাপক চাহিদার ভিত্তিতে অগ্রহী বেকার যুব নারীরা উপজেলা পরিষদের বিভিন্ন সরকারী দপ্তর/বিভাগে খাদ্য প্রক্রিয়াজাতকরণ (বিভিন্ন ধরনের আচার তৈরি) বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য যোগাযোগ করে। ফলে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের অভাবে অগ্রহী বিপুল সংখ্যক যুব নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির সুযোগ ব্যাহত হচ্ছে। এ কারণে স্থানীয়ভাবে অগ্রহী বেকার যুব নারীদের প্রশিক্ষিত করতে পারলে স্থানীয় বেকার নারীদের কর্মসংস্থানের পথ সৃষ্টি হবে, অপরাপর বেকার নারীরা উৎসাহিত হবে। সর্বপরি নারীদের বেকারত্ব দূর হবে। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় বেকার যুব নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াজাতকরণ (বিভিন্ন ধরনের আচার তৈরি) বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. জাহাঙ্গীর আলম)
সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
৩। অফিস নথি।




উপজেলা পরিষদ কার্যালয়

উখিয়া, কক্সবাজার

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার উপস্থিতির হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ

তারিখ : ০৯/০৮/২০২১ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
ডাঃ জাহাঙ্গীর আলম	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
নূরুন্নাহুদ	চেয়ারম্যান	রত্নাপালাং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
—	চেয়ারম্যান	হলদিয়াপালাং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
শেখ মোঃ সাদেক আলম	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	
সোঃ আব্দুল আলীম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, উখিয়া, কক্সবাজার	সদস্যসচিব	